



Australian Government
Department of Home Affairs



প্রাপ্তবয়স্ক অভিবাসীদের ইংরেজি কার্যক্রম (Adult Migrant English Program)-এ শিশু পরিচর্যা

আপনার কি Adult Migrant English Program (AMEP)-এর ক্লাসে যোগদানের জন্য শিশু পরিচর্যা সেবা প্রয়োজন? আপনি যখন কোন AMEP ক্লাসে থাকবেন তখন আপনার স্কুল বয়স সীমার নিচের বাচ্চাদের জন্য বিনামূল্যে শিশু পরিচর্যা সেবার সুবিধা পাওয়া যায়।

আপনার AMEP সেবা প্রদানকারী আপনার বাসা থেকে বা AMEP ক্লাস থেকে ৩০ মিনিটের মধ্যে পৌঁছানো যায় এমন শিশু পরিচর্যা সেবার ব্যবস্থা করার চেষ্টা করবেন। এটা সবসময় সম্ভব নাও হতে পারে। তবে AMEP সেবা প্রদানকারীরা আপনার জন্য সবচেয়ে নিকটবর্তী শিশু পরিচর্যা খুঁজে পেতে যথাসাধ্য চেষ্টা করবেন।

AMEP সেবা প্রদানকারীরা এমন শিশু পরিচর্যা সেবার ব্যবস্থা করবেন যা আপনার AMEP কোর্স শুরু হওয়ার দিনের সাথে মিলে যায়। এছাড়াও আপনি যেসব দিনে ক্লাসে থাকবেন সেসব দিনে শিশু পরিচর্যা সেবা নিশ্চিত করার চেষ্টা করবেন। এটা সবসময় সম্ভব নাও হতে পারে কারণ শিশু পরিচর্যা সেবা সুবিধা প্রদানকারী স্থান সংখ্যায় সাধারণত সীমিত এবং এগুলোর চাহিদা উচ্চ। কখনও কখনও এমনও হতে পারে যে অবিলম্বে শিশু পরিচর্যা সেবা সুবিধা প্রদান করা যাচ্ছে না অথবা যখন আপনি অতিরিক্ত দিন পাওয়ার জন্য অপেক্ষা করছেন তখন আপনাকে আংশিক শিশু পরিচর্যা সেবার প্রস্তাব দেয়া হচ্ছে।

আপনি যখন কোন AMEP ক্লাসে যোগদান করবেন শুধুমাত্র তখনই বিনামূল্যে শিশু পরিচর্যা সেবা দেয়া হবে আপনার AMEP ক্লাস সময়সীমা বহির্ভূত কার্যকলাপের জন্য এটা পাওয়া যাবে না। আপনি যখন AMEP ক্লাসে অংশগ্রহণ করছেন না, অথবা যখন আপনি আপনার প্রশিক্ষণ শেষ করেছেন, তখন আপনাকে নিজেই আপনার শিশু পরিচর্যা সেবার ব্যবস্থা করে নিতে হবে। যদি এমন হয় যে আপনার বাচ্চা বা বাচ্চার কোন সময়ের জন্য শিশু পরিচর্যা সেবা নেবে না তবে তা আপনার AMEP সেবা প্রদানকারীদের অবগত করা জরুরি। এতে করে আপনার বাচ্চাদের পক্ষ থেকে কোন বুকিং নেয়া হয়ে থাকলে তা সমন্বয় করা যাবে।

যদি এমন হয় যে আপনি অনেকগুলো AMEP ক্লাসে অংশগ্রহণ করেননি তাহলে আপনার সেবা প্রদানকারী শিশু পরিচর্যা সেবায় ভর্তি বাতিল করে দিতে পারেন। তবে, আপনি যদি AMEP ক্লাসে পুনরায় যোগদান করেন তাহলে আপনাকে আবার বিনামূল্যে চাইল্ড কেয়ার সুবিধা প্রদান করা হবে। তবে আপনাকে আবার নতুন করে শিশু পরিচর্যা সেবা পাওয়ার জন্য অপেক্ষা করতে হতে পারে।

আপনার শিশু পরিচর্যা সেবার চাহিদা মূল্যায়নের সময় আপনার AMEP সেবা প্রদানকারী অনেকগুলো বিকল্পের প্রস্তাব করতে পারেন যাতে করে আপনি আপনার শিক্ষা যথাশীঘ্র আরম্ভ করতে পারেন। উদাহরণস্বরূপ, আপনাকে হয়তো বলা হবে:

- অন-সাইট শিশু পরিচর্যা সেবা সুবিধা আছে এমন কোন কমিউনিটি সেন্টারে পড়াশোনা করতে
- এমন দূরত্বে ভ্রমণ করতে যা আপনার পছন্দসই নাও হতে পারে
- শিশু পরিচর্যা সেবা সুবিধা না পাওয়া পর্যন্ত কোন গৃহশিক্ষকের কাছে অথবা দূরশিক্ষণের মাধ্যমে পড়াশোনা করতে।

যদি কোন শিশু পরিচর্যা সেবার ব্যবস্থা আপনার প্রয়োজন মেটাতে সক্ষম না হয় তাহলে এ ব্যাপারে আপনার AMEP সেবা প্রদানকারীর সাথে কথা বলা উচিত।

শিশু পরিচর্যা সেবার ব্যাপারে অতিরিক্ত তথ্যের জন্য অনুগ্রহ করে আপনার AMEP সেবা প্রদানকারীর সাথে কথা বলবেন।